**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.২২.**২১০** তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৯ ব.। / ২৬ জুলাই ২০২২ খ্রি.।

**বিষয়ঃ চলতি ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা, সংরক্ষিত মহিলা আসন, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা পরিষদ ও পৌরসভার অনুকূলে ১ম কিস্তিতে অর্থ ছাড়করণ।**

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা, সংরক্ষিত মহিলা আসন, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা পরিষদ ও পৌরসভার অনুকূলে ১ম কিস্তিতে মোট **৪৮৩,৩৩,০০,০০০/- (চারশত তিরাশি কোটি তেত্রিশ লক্ষ) টাকা** বরাদ্দ প্রদানপূর্বক নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হলো। এ ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক | বরাদ্দের খাত | ১ম কিস্তিতে বরাদ্দ (টাকা) |
|---|---|---|
| ১ | নির্বাচনী এলাকা (৩০০ টি) | ২৫৮,৫৮,০০,০০০/- |
| ২ | সংরক্ষিত মহিলা আসন (৫০টি) | ১৪,৫০,০০,০০০/- |
| ৩ | বিভাগীয় কমিশনার (০৮টি) | ৭,২৫,০০,০০০/- |
| ৪ | জেলা প্রশাসক ৬৪টি (বিশেষ ও A শ্রেণীর ৩২টি জেলার প্রতিটিতে ২৪.৭৫ লক্ষ টাকা করে, B শ্রেণীর ২৭টি জেলার প্রতিটিতে ২০.৭৫ লক্ষ টাকা করে এবং C শ্রেণীর ৫টি জেলার প্রতিটিতে ১৯.৫৫ লক্ষ টাকা করে ) | ১৪,৫০,০০,০০০/- |
| ৫ | উপজেলা ভিত্তিক (৪৯২টি) | ১৬৯,১৭,০০,০০০/- |
| ৬ | পৌরসভা (৩২৮টি) | ১৯,৩৩,০০,০০০/- |
| | **সর্বমোটঃ** | **৪৮৩,৩৩,০০,০০০/- (চারশত তিরাশি কোটি তেত্রিশ লক্ষ) টাকা।** |

**শর্তসমূহঃ**

(১) জেলা প্রশাসক বরাবর বরাদ্দ বিভাজন জেলার ক্যাটাগরীর ভিত্তিতে করতে হবে।

(২) বরাদ্দকৃত অর্থ বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের বরাদ্দ নীতিমালা অনুযায়ী জনসংখ্যা, এলাকা ও দরিদ্রতা বিবেচনা করতে হবে; এক্ষেত্রে মন্ত্রণালয় হতে পৃথকভাবে বিভাজন অনুমোদনের প্রয়োজন নেই;

(৩) এ বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টি.আর কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্বর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(৪) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টি.আর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১-এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৫) এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন **আগামী ৩০/১১/২০২২ খ্রি.** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(৬) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/ বাছাই টি.আর কর্মসুচি বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৭) জেলা প্রশাসকগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে; তবে সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যবহারের লক্ষ্যে তাঁর সংরক্ষিত আসনের অনুকূলে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে। তবে সংরক্ষিত মহিলা আসনের সদস্যদের অনুকূলে বরাদ্দ থেকে অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ নারী উন্নয়নমূলক প্রকল্পে খাদ্যশস্য/নগদ টাকা বিশেষ/ থোক বরাদ্দ প্রদান করা যাইবে;

(৮) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া;

(৯) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;

(১০) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১১) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।

স্বাঃ/-
**(আবু সাইদ মো: কামাল)**
উপসচিব (ত্রাক-২)
ফোনঃ ৫৫১০০৫২২।

**মহাপরিচালক**
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অপর পাতা দ্র.

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.২২.**২১০** তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৯ ব.। / ২৬ জুলাই ২০২২খ্রি.।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মাননীয় সংসদ সদস্য/ মহিলা সংসদ সদস্য............................(সকল), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শের-ই-বাংলানগর, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ।

৫। জেলা প্রশাসক, ....................................................(সকল)।

৬। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৮। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। চীফ ফাইন্যান্স এন্ড একাউন্টস অফিসার, চীফ ফাইন্যান্স এন্ড একাউন্টস অফিসারের কার্যালয়, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

১০। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও বিভাগীয় কমিশনারসহ সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের অনুরোধসহ) ।

১১। অতিঃ সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

26/07/2022

(আবু সাইদ মোঃ কামাল)
উপসচিব (ত্রাক-২)।